W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

2268

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist. Purulia Sub Divn. Jhalda PS. Kotshila Year 2017 FIR No. 107/17 Date 11-09-17
2. i) Act I.P.C. Sections 279/337/338/427 ii) Act ........ Sections ........
   iii) Act ........ Sections ........ iv) Other acts & Sections ........
3. a) General Diary Reference : Entry No. 494 Time 13.55 hrs.
   b) Occurrence of Offence : Day Thursday Date 31-08-17 Time Morning
   c) Information received Date 11-09-2017 Time 13.55 hrs. G.D. No. 494 at the P.S.
4. Type of Information : Written/Oral
5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. North East side from the P.S. approx 02 km.
   b) Address Purulia to Ranchi road near at Kotshila, P.S.- Kotshila Dist- Purulia. Beat No. JL-no- 233 - Anekal-Nowalalu.
   c) In case outside limit of this Police Station, then the name of P. S. ........ District ........
6. Complainant / Informant :
   a) Name : Amanda Ausha Al
   b) Father's / Husband's Name Not noted
   c) Date / Year of birth ........ d) Nationality ........
   e) Address Principal Ananda Marga Primary School, umanivas, Khatanga
7. Details of known/suspected/unknown/accused with full particulars
   (Attach separate sheet, if necessary) :
   (1) Radharaman Kumar
   S/o- Kartick Kumar
   Vill- Fatuara
   P.S. Kotshila,
   Dist- Purulia.

   (2) Sumanta Kumar
   S/o- Dulal Kumar
   Vill- Faluara
   P.S.- Kotshila
   Dist- Purulia.
8. Reasons for delay in reporting by the complainant/Informant Due to Medical treatment.
9. Prticulars of properties stolen/involved : (Attach separate sheet, if required): ........
10. Total value of properties stolen/involved : ........
11. Inquest report/U.D. Case no., if any : ........
12. FIR Contents : (Attach separate sheets, if required)
    The original type complaint which is treated as F.I.R is attached herewith.

    (Signature) 11/09/17
    Officer-in-Charge
    Kotshila P.S.
    Dist.-Purulia
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 279/337/338/427 I.P.C. ........

registered the case and took up the investigation/directed A.S.I. W Chandra to take up the investigation/transferred to P. S. ........ on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

(Signature) 11/09/17
Officer-in-Charge
Kotshila P.S.
Dist.-Purulia

Signature of the Officer-in-Charge, Police Station with

Name : PALASH KUMAR BARIK

Rank S.I. OF POLICE

Signature/Thumb impression of

# ANANDA MARGA PRIMARY SCHOOL

(Lady managed)

Uma Nivas, Khatanga, Kotshila, Purulia W.B. PIN 723213

Ref. No. RM/87/2017 Date: 11.09.2017

To
The O.C. Kotshila Police Station,
Kotshila, Dist- Purulia 723213

মহাশয়,

নমস্কার। গত ৩১/৮/২০১৭ তারিখ আনন্দমার্গ প্রাইমারী স্কুল, উমানিবাস, খটঙ্গা, থানা - কোটশিলা, জিলা - পুরুলিয়া, স্কুলের দু' জন শিক্ষিকা দুর্গা সাউ ও হেমলতা মাহাতো পরীক্ষার তারিখ জানার জন্যে স্কুটিতে চাষ BBM BEd কলেজে যাওয়ার পথে কোটশিলায় রাধারমন কুমার, পিতা কার্ত্তিক কুমার ওর সঙ্গে আরেকটি ছেলে সুমন্ত কুমার পিতা দুলাল কুমার উভয়েরই গ্রাম ও পোষ্ট টাটুয়ারা, থানা - কোটশিলা, জিলা- পুরুলিয়া, আঁকা-বাঁকা ভাবে মোটর সাইকেল চালিয়ে প্রচন্ড গতিতে এসে ধাক্কা মারে। ধাক্কার ফলে দুর্গা সাউ ও হেমলতা মাহাত মাটিতে পড়ে যায়। দুর্গা সাউ পিতা গোপাল সাউ এর চোখে ও নাকে খুব জোড় আঘাত লাগে, রক্ত ঝড়তে থাকে ও অজ্ঞান হয়ে যায়। হেমলতা মাহাত পিতা যোগেশ্বের মাহাত এর দাঁত ভেঙ্গে যায় ও কপালে সেলাই করতে হয়। পুলিশ তাদের কোটশিলা হাসপাতাল নিয়ে যায়। সকাল দশটা নাগাদ কোটশিলা পুলিশ ফোন করে আমাকে দুর্ঘটনার কথা জানায়। আমি শুনে কোটশিলা হাসপাতালে যাই ও তাদের রক্তাক্ত অবস্থায় দেখতে পাই। হাসপাতালের ডাক্তার বাবু রাঁচি নিয়ে যাওয়ার জন্যে লিখে দিলে, অ্যাম্বুলেন্স করে রাঁচির "মোদি সেবা সুদন" হাসপাতালে নিয়ে যাই। সেখানে ICU তে ভর্ত্তি করা হয় ও চিকিৎসা চলতে থাকে।

কোটশিলা পুলিশ আমাকে বলেন - "মেডাম, দুর্গার স্কুটিটি কোটশিলা বস্তির পঞ্চায়েত মেম্বর পূর্ণচন্দ্র কুমারের বাড়ীতে রাখা আছে আর ছেলে দুটির মোটর সাইকেল থানায় আছে। আপনি পরে এসে স্কুটিটি নিয়ে যাবেন। যখন আসবেন আমাকে জানাবেন আমি বলে দেবো স্কুটিটি দেওয়ার জন্য। ১/৯/২০১৭ তারিখ যখন আমি স্কুটিটি আনতে যাই তখন পুলিশ বলেন দুর্গা সাউয়ের বাবাকে আসতে হবে ও দরখাস্ত করতে হবে। দুর্গার বাবা গোপাল সাউ দুর্গার চিকিৎসা নিয়ে রাঁচিতে ব্যস্ত ছিলেন। দুর্গার নাকের এক জায়গায় ভেঙ্গে গেছে ও কপালে দুয় জায়গায় ভেঙ্গেছে আর চোখের উপর গভীর ক্ষত হয়েছে। চিকিৎসার জন্যে চল্লিশ হাজার টাকার বেশী খরচ হয়েছে।

গত ৮/৯/২০১৭ দুর্গার বাবাকে নিয়ে আমি কোটশিলা থানায় স্কুটি আনতে ও অভিযোগ (FIR) করার জন্যে গেলে পুলিশ দুর্গার বাবাকে বললেন, লিখে দিন "আমার মেয়ে দুর্গা সাউ স্কুটি চালাতে গিয়ে রাস্তায় পিছলে পড়ে যায়। কারোর বিরুদ্ধে কোন অভিযোগ নেই। কোন দুর্ঘটনা হয়নি। তাহলেই স্কুটিটি পাবেন। আর লিখে না দিলে কোর্টে যান। কোর্ট থেকে অর্ডার নিয়ে আসুন তবেই স্কুটিটি পাবেন। আর যদি অভিযোগ (FIR) করেন আর ছেলেদের পক্ষ থেকেও অভিযোগ (FIR) করবে। আপনার অনেক ক্ষতি হবে।"

পুলিশের এই আচরণ দেখে দুর্গা সাউয়ের বাবা গোপাল সাউ ভয় পেয়ে মেয়ের (দুর্গার) আরও বড় ক্ষতি হবে শুনে থানায় অভিযোগ (FIR) দায়ের করতে সাহস করেননি।

# ANANDA MARGA PRIMARY SCHOOL

(Lady managed)

Uma Nivas, Khatanga, Kotshila, Purulia W.B. PIN 723213

Ref. No. RM/87/2017 Date: 11.09.2017

আমি পুলিশকে বললাম ছেলে দুটির মোটর সাইকেল থানায় ছিলো, সেটি কোথায়? পুলিশ বলছে আমরা ওদের কোন মোটর সাইকেল দেখিনি ও পাইনি। সম্পূর্ণভাবে মিথ্যা বলছে ও বিপরিত আচরন করছে।

আমার জিজ্ঞাসা -

১) পুলিশ যেখানে অপরাধীকে আড়াল করছে সেখানে নিরপেক্ষ তদন্ত কী হওয়া সম্ভব?

২) পুলিশ যেখানে এভাবে অপরাধীকে রক্ষা করে ও প্রশ্রয় দেয়, তাহলে সমাজ বিরুধীদেরই সংখ্যা বাড়বে ও বাড়ছে। আর তার কারন হচ্ছে পুলিশ।

৩) মহিলাদের কোন নিরাপদ্র থাকছে না। পুলিশের নিষ্ক্রয়তাই এর কারন। কোন রকম পুলিশের সহযোগিতা নেই।

৪) মহিলাদের উপর কোন ঘটনা ঘটলে, থানায় জানালেও কোন ব্যবস্থা নেবে না। এরকম অভব্য আচরন করবে যাতে কেউ থানায় না যায় ও না জানায়।

৫) আমরা মহিলা মিশনারী সন্ন্যাসীনি হয়েও পুলিশের কাছে সম্মান পাইনা। দুর্ব্যবহার করে ফিরিয়ে দিচ্ছে তাহলে সাধারণ মানুষ কি রকম ভাবে নির্যাতিত হচ্ছে বলার অপেক্ষা রাখে না।

অতএব মহাশয়ের কাছে আমার অনুরোধ এই আবেদনটি FIR হিসাবে গ্রহন করা হোক আর নিম্নোক্ত বিষয়ের উপর উপযুক্ত ব্যবস্থা গ্রহন করতে আজ্ঞা হয়।

১) ৩১/৮/২০১৭ দুর্ঘটনার নিরপেক্ষ সরজমিনে তদন্ত করে দোষীদের শাস্তির ব্যবস্থা হোক।

২) দুর্গা সাউ এর স্কুটিটি ওর বাবা গোপাল সাউকে অতিসত্ত্বর দেওয়া হোক।

৩) যে সব পুলিশ এই ঘটনাকে আড়াল করতে চাইছে বা করছে তাদের বিরুদ্ধে তদন্ত করে শাস্তি দেওয়া হোক যাতে সমাজে সুষ্ঠু অনুশাসনের ও ন্যায়ের প্রতিষ্ঠা হয়।

নিবেদক

অবধূতিকা আনন্দ অতীশা আচার্যা

অধ্যক্ষা

আনন্দ মার্গ প্রাইমারী স্কুল (মহিলা পরিচালিত),

উমানিবাস, পোষ্ট -খটঙ্গা, জিলা- পুরুলিয়া ৭২৩২১৩

Copy to

1) Superintendent of Police, Purulia
2) Sub Divisional Officer, Jhalda, Purulia
3) Protection Officer for Women, Purulia

Ananda Atiisha Ac

Principal
Ananda Marga Primary School
Umanivas, Khatanga
PURULIA (W.B.)

Received on 11-09.17 at
..55 hrs and started Kotshila
case no- 10?/17 dated
..17 u/s - 279/337/338/427

11/09/17
Officer-in-Charge
... P.S.